বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন এর আইনগত ভিত্তি

তথ্য অধিকার আইন-২০০৯

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত বিধান করিবার লক্ষ্যে প্রণীত আইন হল তথ্য অধিকার আইন-২০০৯।

তথ্য অধিকার আইন-২০০৯ এর দ্বিতীয় অধ্যায় এর ধারা ৪ এ **তথ্য অধিকার** ধারা ৫ এ 'তথ্য সংরক্ষণ' এবং ধারা ৬ এ 'তথ্য প্রকাশ' নিয়ে বলা আছে।

ধারা ৫ - তথ্য সংরক্ষণ

(২) প্রত্যেক কর্তৃপক্ষ যেই সকল তথ্য কম্পিউটারে সংরক্ষণের উপযুক্ত বলিয়া মনে করিবে সেই সকল তথ্য, যুক্তিসংগত সময়সীমার মধ্যে, কম্পিউটারে সংরক্ষণ করিবে এবং তথ্য লাভের সুবিধার্থে সমগ্র দেশে নেটওয়ার্কের মাধ্যমে উহার সংযোগ স্থাপন করিবে।

ধারা ৬ - তথ্য প্রকাশ

(১) প্রত্যেক কর্তৃপক্ষ উহার গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম কিংবা সম্পাদিত বা প্রস্তাবিত কর্মকান্ডের সকল তথ্য নাগরিকগণের নিকট সহজলভ্য হয়, এইরূপে সূচিবদ্ধ করিয়া প্রকাশ ও প্রচার করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন তথ্য প্রকাশ ও প্রচারের ক্ষেত্রে কোন কর্তৃপক্ষ কোন তথ্য গোপন করিতে বা উহার সহজলভ্যতাকে সঙ্কুচিত করিতে পারিবে না।

(৩) প্রত্যেক কর্তৃপক্ষ প্রতিবছর একটি প্রতিবেদন প্রকাশ করিবে যাহাতে নিম্নলিখিত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা :-

(ক) কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ, কার্যক্রম, কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণ বা পদ্ধতি;

(খ) কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়্যাল, ইত্যাদির তালিকাসহ উহার নিকট রক্ষিত তথ্যসমূহের শ্রেণী- বিন্যাস;

(গ) কর্তৃপক্ষের নিকট হইতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ করিতে পারিবেন উহার বিবরণ এবং উক্তরূপ শর্তের কারণে তাহার সহিত কোন প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হইলে সেই সকল শর্তের বিবরণ;

(ঘ) নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করিবার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা।

(৪) কর্তৃপক্ষ গুরুত্বপূর্ণ কোন নীতি প্রণয়ন বা সিদ্ধান্ত গ্রহণ করিলে ঐ সকল নীতি ও সিদ্ধান্ত প্রকাশ করিবে এবং, প্রয়োজনে, ঐ সকল নীতি ও সিদ্ধান্ত গ্রহণের সমর্থনে যুক্তি ও কারণ ব্যাখ্যা করিবে।

(৫) এই ধারার অধীন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত প্রতিবেদন বিনামূল্যে সর্বসাধারণের পরিদর্শনের জন্য সহজলভ্য করিতে হইবে এবং উহার কপি নামমাত্র মূল্যে বিক্রয়ের জন্য মজুদ রাখিতে হইবে।

(৬) কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত সকল প্রকাশনা জনগণের নিকট উপযুক্ত মূল্যে সহজলভ্য করিতে হইবে।

(৭) কর্তৃপক্ষ জনগুরুত্বপূর্ণ বিষয়াদি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা অন্য কোন পন্থায় প্রচার বা প্রকাশ করিবে।

(৮) তথ্য কমিশন, প্রবিধান দ্বারা, কর্তৃপক্ষ কর্তৃক তথ্য প্রকাশ, প্রচার ও প্রাপ্তির জন্য অনুসরণীয় নির্দেশনা প্রদান করিবে এবং সকল কর্তৃপক্ষ উহা অনুসরণ করিবে।

তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধানমালা - ২০১০

তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ এর চতুর্থ অধ্যায়ের প্রবিধান (১৭) এ ওয়েবসাইটের ব্যবহার সম্পর্কে প্রবিধান দেয়া হয়েছে -

(১) প্রতিটি কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট থাকিতে হইবে।

(২) তথ্য উপস্থাপন এবং অন্যান্য দপ্তর-সংস্থা ও জনগণের সহিত যোগসূত্রের মাধ্যম হিসেবে এ ওয়েবসাইট বিবেচিত হইবে।

(৩) ওয়েবসাইটে প্রতিটি শাখা/দপ্তরের হাল-নাগাদ তথ্য, ফরমস, রিপোর্টস, টেন্ডার বিজ্ঞপ্তি, অর্থ বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় আইন-কানুন ইত্যাদি একই ধরনের সফটওয়্যার ব্যবহার করিয়া নিয়মিতভাবে উপস্থাপন করিতে হইবে ।

(৪) কর্তৃপক্ষের ওয়েবসাইটসমূহ তথ্য প্রাপ্তির স্বীকৃত উৎস হিসাবেও বিবেচিত হইবে।

(৫) প্রতিটি শাখাকে ওয়েবসাইটে উপস্থাপিত স্বীয় শাখা সংক্রান্ত তথ্যের যথার্থতা নিশ্চিত করিতে হইবে ।

(৬) তথ্য প্রদানের পাশাপাশি কর্তৃপক্ষের প্রতিটি শাখা/দপ্তর নিজস্ব সার্ভিসসমূহ ওয়েবসাইটের মাধ্যমে ব্যবহারকারীর নিকট পৌঁছাবার বিষয়টি নিশ্চিত করিবে।

(৭) কমেন্ট/ফিডব্যাক ব্যবস্থার মাধ্যমে কর্তৃপক্ষের শাখা/দপ্তরসমূহ ওয়েবসাইট ব্যবহারকারীগণের সহিত যোগসূত্র রক্ষা করিবে।

(৮)প্রতিটি ওয়েবসাইটের কনটেন্ট ম্যানেজমেন্টের জন্য একজন উপযুক্ত কর্ম্কর্তাকে দায়িত্ব প্রদান করিবে ।

তথ্য প্রকাশ ও প্রচার প্রবিধানাবলি ২০১০

তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩(১) এ তথ্য প্রকাশ ও প্রচার এ তফসিল-১ এবং তফসিল-২ এর কলাম (২) এ উল্লেখিত নির্ধারিত মেয়াদ ও পদ্ধতি অনুযায়ী ওয়েবসাইট-এ তথ্য প্রকাশ ও প্রচার করার জন্য প্রবিধান দেয়া হয়েছে।

তন্মোধ্যে, তফসিল-১ এ ১২ টি প্রবিধান এর সবকটিতেই ওয়েবসাইট-এ তথ্য প্রকাশ ও প্রচার করার নির্দেশনা দেয়া রয়েছে :

ক্রমিক নং	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম
১	কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ	নোটিশ বোর্ড, প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
২	সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট

৩	সিদ্ধান্ত গ্রহণের পদ্ধত্ জবাবদিহিতা এবং তত্ত্বাবধানের মাধ্যম	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৪	কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীর ডিরেক্টরি	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৫	কার্যসম্পাদনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট এবং রেকর্ড	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৬	পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত যে কোন ধরনের পরামর্শ/প্রতিনিধিত্ব, যাহা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত এর বিবরণ	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
৭	কোন বোর্ড, কাউন্সিল কমিটি বা অন্য কোন বডি যাহা কর্তৃপক্ষের অংশ হিসেবে উপদেশ ও পরামর্শ প্রদানের জন্য প্রতিষ্ঠিত হয়েছে সেই সকল বোর্ড, কাউন্সি্ কমিটি এবং অন্য সকল সংস্থার সভা ও সভার সিদ্ধান্ত	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট, প্রেস বিজ্ঞপ্তি
৮	কতৃর্পক্ষের বাজেট এবং কর্তৃপক্ষের আওতাধীন, দপ্তরসমূহের বাজেট/সকল পরিকল্পনার ধরণ চিহ্নিতকরণ, প্রস্তাবিত খরচ এবং প্রকৃত ব্যয়ের উপর রিপোর্ট তৈরি	প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, স্থানীয় এলাকার বাজেট সংশ্লিষ্ট নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৯	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচন, স্বাস্থ্য সেবা প্রভৃতি কর্মসূচি বাস্তবায়নের পদ্ধতি এবং এই কর্মসূচির সুবিধাভোগী ও বরাদ্দকৃত অর্থ বা সম্পদের পরিমাণের বিবরণ	সরকারি কতৃপক্ষ কতৃক পরিচালিত ভর্তুকি কর্মসূচির অংশ হিসেবে প্রত্যেক অফিস / তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
১০	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুরকৃত / গ্যারান্টেড কনসেশন, অনুদান, পারমিট / লাইসেন্স অথবা	সরকারি কতৃপক্ষ কতৃক পরিচালিত ভর্তুকি কর্মসূচির অংশ হিসেবে প্রত্যেক অফিস

	ক্ষমতাপ্রাপ্ত গ্রহীতাদের বিবরণ (প্রয়োজনীয় শর্তাদির বিবরণসহ)	/ তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট
১১	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হইতে সহজলভ্য এবং উহার নিকট রক্ষিত তথ্যাদির সংক্ষিপ্ত **Electronic Form** / ধরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	ওয়েবসাইট/বিনা মূল্যে সরবরাহ
১২	নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ-সুবিধা সংক্রান্ত বিবরণ, জনসাধারণের জন্য সংরক্ষিত লাইব্রেরি/পড়ার কক্ষের কার্য ঘন্টা ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে)	নোটিশ বোর্ড, ওয়েবসাইট/গণমাধ্যম ইত্যাদি।

স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর আলোকে প্রণীত স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা এর ১৯ টি নির্দেশমালায় প্রায় সবকটিতেই ওয়েবসাইট এবং এতে প্রকাশযোগ্য তথ্যের স্বরূপ সম্পর্কিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য নির্দেশিকা দেয়া হয়েছে -

০১। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে প্রত্যেক কতৃপক্ষ স্বপ্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়নপূর্বক তথ্য প্রকাশ ও প্রচার করবে।

০২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ অনুসারে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, সে ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০৩। প্রত্যেক কতৃপক্ষ স্বপ্রণোদিতভাবে প্রকাশ ও প্রচার নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশ করবে।

০৪। ওয়েবসাইট প্রতিবন্ধীসহ সংশ্লিষ্ট সকল ব্যবহারকারীগণের উপযোগী করে তৈরি করতে হবে।

০৫। ওয়েবসাইটে প্রকাশিত তথ্যাবলি অবশ্যই ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করে বাংলায় প্রকাশ করতে হবে। ওয়েবসাইটের কারিগরি দিকসমূহ সরকার অনুমোদিত ইন্টারঅপারেবিলিটি গাইডলাইনের আলোকে প্রস্তুত করতে হবে।

০৬। নাগরিকগণের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ ও সেবাপ্রাপ্তির পদ্ধতিসমূহ ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করতে হবে।

০৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদান করতে হবে।

০৮। কতৃপক্ষ বছরে অন্তত একবার তথ্য ও সেবা সম্পর্কিত নাগরিক সভা করবে এবং সভা সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবে।

০৯। অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর তফসিল ১ এবং ২ এর কলাম ২ এ বর্ণিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১০। নতুন কোনো আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট, রেকর্ড এবং প্রাসঙ্গিক বিষয়াদি অনুমোদিত হবার সাথে সাথে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১১। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটের প্রতিটি পাতার উপরের দিকের ডানপাশে বাধ্যতামূলকভাবে তথ্য হালনাগাদ এর সর্বশেষ তারিখ লিখতে হবে।

১২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১৩। কতৃপক্ষ স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকার আলোকে কতটুকু তথ্য ওয়েবসাইটসহ অন্যান্য মাধ্যমে প্রকাশ করেছে তা সংশ্লিষ্ট উর্ধতন কতৃপক্ষ কতৃক প্রতিবছর নিরীক্ষা করতে হবে। কতৃপক্ষ অডিট রিপোর্টটি প্রতিবছর তথ্য কমিশনে প্রেরণ করবে। তথ্য কমিশন অডিট রিপোর্টের আলোকে কতৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ/দিকনির্দেশনা প্রদান করবে।

১৪। তথ্য কমিশন প্রতিবছর দৈবচয়নের **(Random)** ভিত্তিতে কতৃপক্ষের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা ব্যবহারের অগ্রগতি বিষয়ক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে।

১৫। স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সম্ভাব্য ব্যয় কতৃপক্ষ কতৃক বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।

১৬। মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে।

১৭। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারার সাথে সংগতি রেখে কতৃপক্ষ বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করবে।

১৮। তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্মকর্তার নাম, পদবী, ই-মেইল ও ফোন নম্বর (যদি থাকে) কতৃপক্ষ কতৃক ওয়েবসাইটে প্রকাশ করবে এবং তথ্য কমিশনকে অবহিত করবে।

১৯। বিভিন্ন পর্যায়ে গঠিত ইনোভেশন টিম স্ব-প্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয় তত্ত্বাবধান করবে।

সচিবালয়ের নির্দেশমালা ২০১৪

সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর তৃতীয় অধ্যায় অফিস পদ্ধতি এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার অংশের নির্দেশমালা ১৫ এর নির্দেশ ৫ এ ওয়েবসাইটের ব্যবহার সম্পর্কে নির্দেশ দেয়া হয়েছে -

- প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন প্রতিটি প্রতিষ্ঠান/সংস্থার বাংলা ও ইংরেজিতে নিজস্ব ওয়েবসাইট গঠন এবং ওয়েবসাইটে তথ্য অধিকার আইন, ২০০৯ এবং সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক তথ্যসমূহ সংযোজন **(upload)** করার জন্য নির্দেশ রয়েছে।
- তথ্যসমূহ আদান প্রদানের সুবিধার্থে মন্ত্রণালয় হইতে অধস্তন দপ্তরসমূহ পর্যন্ত সামঞ্জস্যপূর্ণ প্লাটফর্মে ওয়েবসাইট গঠনকে অগ্রাধিকার দেওয়ার জন্য নির্দেশ রয়েছে। এই সকল ওয়েবসাইট হতে হবে তথ্য উপস্থাপন এবং অন্যান্য দপ্তর, সংস্থা ও জনগণের সহিত যোগসূত্রের মাধ্যম। সেজন্য, ওয়েবসাইটে প্রতিটি শাখা/দপ্তরের হাল-নাগাদ তথ্য, ফরম, রিপোর্ট, টেন্ডার বিজ্ঞপ্তি, অর্থ বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় আইন-কানুন ইত্যাদি নিয়মিতভাবে হালনাগাদ রাখার জন্য নির্দেশ দেয়া হয়েছে।
- সরকারি ওয়েবসাইটসমূহকে তথ্য প্রাপ্তির স্বীকৃত উৎস হিসাবেও বিবেচনা করা হবে। এই লক্ষ্যে প্রতিটি শাখা ওয়েবসাইট- এ সংযোজিত স্বীয় শাখা সংক্রান্ত তথ্যের যথার্থতা

নিশ্চিত করার জন্য নির্দেশ রয়েছে। তথ্য প্রদানের পাশাপাশি মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখা, দপ্তর/পরিদপ্তর ও সংস্থা নিজস্ব সার্ভিসসমূহ ওয়েবসাইটের মাধ্যমে ব্যবহারকারীর নিকট পৌঁছাবার বিষয়টি নিশ্চিত করার জন্য এবং মন্তব্য(কমেন্ট)/মতামত(ফিডব্যাক) ব্যবস্থার মাধ্যমে ওয়েবসাইট ব্যবহারকারীগণের সঙ্গে যোগসূত্র রক্ষা করার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

জাতীয় তথ্য বাতায়নের আওতায় ওয়েবসাইট ব্যবহার সংক্রান্ত চিঠি

১। মন্ত্রিপরিষদ বিভাগ ৯ সেপ্টেম্বর,২০১৫ ইং তারিখে ০৪.০০.০০০০.৮৩২.৩৮.০১২.১৫.১২৮ নং স্মারক মূলে জাতীয় তথ্য বাতায়নের আওতায় ওয়েবসাইট প্রস্তুতকরণ বিষয়ে নির্দেশনা জারি করেছে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ ০৪ জানুয়ারি,২০১৮ ইং তারিখে স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.১ মূলে ‘ডিজিটাল বাংলাদেশ’ বিনির্মাণের নিমিত্ত . ও.বাংলা (ডট বাংলা) ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক এবং ডাইনামিক ওয়েবসাইট তৈরিকরণ সংক্রান্ত পত্রের বিষয়ে অধিকতর স্পষ্টকরণ বিষয়ে পত্র জারি করেছে।

৩। পরিকল্পনা মন্ত্রণালয় ১০ জুলাই, ২০১৭ ইং তারিখে সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং- ০৩.০৮.০০০০.৮০৫.১১.০০৩.১৭.১৫৮৫; এর আলোকে স্মারক নং- ২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০.১৭-২৬৩ মূলে ‘জাতীয় তথ্য বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে, পত্র জারি করেছে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় ২১ জুন,২০১৭ ইং তারিখে স্মারক নং- ০৫.০০.০০০০.১১০.০০.০৫৯.০৮০.১৩.-১০০৬ মূলে ০৩.০৮.০০০০.৮০৫.১১.০০৩.১৭.১৫৮৪ এর আলোকে জাতীয় তথ্য বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর সমূহের চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত পত্র জারি করেছে।

পোর্টালের পলিসি সাপোর্ট-

১। জেলা ব্র্যান্ডিং কৌশলপত্র-

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০17 সালের সেপ্টেম্বর মাসে জারিকৃত জেলা ব্র্যান্ডিং কৌশলপত্রের ৪.৩ ক্রমিকের প্রচারনা অংশে তথ্য বাতায়নে জেলা ব্র্যান্ডিং-এর তথ্য জেলা তথ্য বাতায়নে থাকতে হবে মর্মে উল্লেখ করা আছে।

২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মুল্যায়ন নির্দেশিকা ২০২০-২১-এর আবশ্যিক কোউশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১-এ কোউশলগত উদ্দেশ্যে কলামের ১ নম্বর ক্রমিকে দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ অংশের কার্যক্রম কলামে উল্লেখ আছে "তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন ঊর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ" এবং যেখানে সুচকের মান ধরা আছে ২

৩। মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স-২ অধিশাখা হতে ০৪ জানুয়ারি ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৮৩৩.০৪.০০২.২০.১১৫ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনে সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং ডিজিটাইজেশন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় সাধন ও পরিবীক্ষণের লক্ষ্যে মনিটরিং কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির কার্যপরিধির ৭ নম্বর ক্রমিকে "প্রতিবছর সেবা সহজিকরণ, অনুসরণীয় দৃষ্টান্ত ও উদ্ভাবন-সংক্রান্ত তথ্যসমুহ ওয়েবসাইটে হালনাগাদকরণ" বিষয়াদি উল্লেখ আছে।